



Better Quality of Life for a Better Future AMDA BANGLADESH

Flat # 2/B (1st Floor), House # 5, Road # 3, Block-E, Banasree, Dhaka-1219.

Tel: 02-55124415, 01711-819986, Web: www.amdabd.org

E-mail: office@amdabd.org, director@amdabd.org

স্মারক নং- **BO/HO/Notice/04/2020.**

২৩ মে, ২০২০

অফিসিয়াল সার্কুলার-৪

জনাব/জনাবা

আমদা বাংলাদেশের পক্ষ থেকে সকলকে ঈদ উল ফিতরের আন্তরিক শুভেচ্ছা।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে দেশের সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান সমূহ গত প্রায় ২ মাস যাবৎ সরকার সাধারণ ছুটির কারণে বন্ধ রাখা হয়েছে। সেপ্রেম্বিতে গত ০৯ই মে, ২০২০ইং তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) কর্তৃক ৫৭নং সার্কুলারে দেশের সকল ক্ষুদ্রঋণ কার্যক্রম -এর প্রতিষ্ঠান সমূহ সীমিত আকারে পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করেন। সার্কুলারে বর্ণিত প্রেক্ষাপটে ক্ষুদ্রঋণ সংশ্লিষ্ট অন্যান্য জরুরী অফিসিয়াল সেবা চলমান রাখার নিমিত্তে এমআরএ/সার্কুলার লেটার-৫৩ ও ৫৪ এর নিম্নোক্ত নির্দেশাবলী যথাযথ ভাবে অনুসরণপূর্বক আমদা বাংলাদেশ-এর কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

১. নভেল করোনা ভাইরাস রোগ এর প্রসার রোধে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা সমূহ দাপ্তরিক প্রতিটি ক্ষেত্রে কঠোরভাবে অনুসরণ করতে হবে।
২. কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ক্ষুদ্রঋণ কার্যক্রম ব্যতিত দর্শনার্থী/সাক্ষাত প্রার্থীদের অফিসে আগমন নিরুৎসাহিতকরন এবং নিজস্ব কর্মকর্তা /কর্মচারীসহ অফিসে উপস্থিত সকলের মধ্যে নিদিষ্ট দূরত্ব (WHO এর গাইড লাইন অনুযায়ী) বজায় রাখা নিশ্চিত করতে হবে।
৩. প্রয়োজনে সেক্টরে প্রচলিত সমিতির সভা/উঠান বৈঠক পরিহার করে ২নং ক্রমিকে বর্ণিত পদ্ধতি অনুসরণের পাশাপাশী যথাসম্ভব ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে গ্রাহক পর্যায়ে সেবা প্রদান করা হবে।
৪. নির্ধারিত সময়ের আগে/পড়ে অফিসে অবস্থান না করে এবং একই সময়ে প্রয়োজনতিরিক্ত কর্মী অফিসে উপস্থিত থাকা হতে বিরতকরন করতে হবে।
৫. অফিস এবং অফিসে উপস্থিত সকলকে জীবানুমুক্ত রাখার পদক্ষেপ গ্রহন করা হবে।
৬. মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন ঘোষনাকৃত এলাকার সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে উক্ত এলাকায় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৭. সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে।

উল্লেখ্য থাকে যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাবে কারনে সরকার আগামী ৩০শে মে, ২০২০ইং পর্যন্ত সাধারণ ছুটি এবং পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে বন্ধ ঘোষণা করেছেন। যদি পরবর্তীতে সাধারণ ছুটি ঘোষণা না করে তা হলে ৩১শে মে, ২০২০ রোজ রবিবার থেকে সকল প্রকার অফিসিয়াল কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

অতএব, ছুটি পরবর্তী সকলকে যথাসময়ে অফিসে উপস্থিত থেকে স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



সরদার এ. রাজ্জাক
নির্বাহী পরিচালক
আমদা বাংলাদেশ

অনুলিপিঃ

- ১। এ্যডমিন এন্ড ফাইন্যান্সিয়াল কো- অর্ডিনেটর, আমদা বাংলাদেশ।
- ২। প্রজেক্ট কো- অর্ডিনেটর (প্রোগ্রাম), আমদা বাংলাদেশ
- ৩। প্রজেক্ট ম্যানেজার (সিএসআরপি), আমদা বাংলাদেশ
- ৪। কো- অর্ডিনেটর (প্রোগ্রাম), আমদা বাংলাদেশ
- ৫। ইন্টারনাল অডিট, আমদা বাংলাদেশ
- ৬। অফিস নথি